**ইন্টারন্যাশনাল নিউট্রিশন অলিম্পিয়াড (INO) ২০২৬**

# প্রতিযোগিতা নির্দেশিকা

## বিষয়ঃ ওপেন ইন্টারনেট চ্যালেঞ্জ

ইন্টারন্যাশনাল নিউট্রিশন অলিম্পিয়াড (INO) হল একটি বৈশ্বিক আয়োজন যেখানে শিশু, কিশোর-কিশোরী ও তরুণ-তরুণীরা বিভিন্ন উদ্ভাবনী কার্যক্রমের মাধ্যমে স্বাস্থ্যকর খাদ্যাভ্যাস ও পুষ্টি সচেতনতা সৃষ্টির লক্ষ্যে নিজ অভিজ্ঞতা, পুষ্টি সম্পর্কিত চিন্তাধারা ও চ্যালেঞ্জ প্রকাশ করার এবং কার্যকর সমাধান খুঁজে পেতে পারে। ২০১৭ সাল থেকে বিআইআইডি ফাউন্ডেশন বিভিন্ন সরকারি-বেসরকারি সংস্থার সহযোগিতায় নিউট্রিশন অলিম্পিয়াড আয়োজন করে আসছে। বিদ্যমান পুষ্টি খাতের প্রতিবন্ধকতা সমূহের টেকসই সমাধানের মাধ্যমে জাতীয় ও আন্তর্জাতিক লক্ষ্য অর্জনে তরুণদের অংশগ্রহণ এবং নেতৃত্ব প্রতিষ্ঠায় ইন্টারন্যাশনাল নিউট্রিশন অলিম্পিয়াড কার্যকর ভূমিকা পালন করছে। INO ২০২৬ এর মূল প্রতিপাদ্য **'উন্নত পুষ্টির জন্য বেসরকারি খাতের ভূমিকাঃ** সকলের জন্য পুষ্টি নিশ্চিতকরণে ব্যবসা পরিবেশ উন্নয়ন এবং উদ্যোক্তাদের দায়িত্বশীলতা ও সক্ষমতা বৃদ্ধি"। এই লক্ষ্য অর্জনে INO ২০২৬ তরুণ, সরকার, বেসরকারি খাত, নীতিনির্ধারক এবং উন্নয়ন সহযোগী প্রতিনিধিদের একত্রিত করবে। নবম ইন্টারন্যাশনাল নিউট্রিশন অলিম্পিয়াড (INO) আগামী ১১-১২ ডিসেম্বর, ২০২৬ তারিখে ঢাকা, বাংলাদেশে অনুষ্ঠিত হবে।

ইন্টারন্যাশনাল নিউট্রিশন অলিম্পিয়াড ২০২৬ এ বিভিন্ন প্রতিযোগিতা, সেমিনার, কর্মশালা ও প্রদর্শনীর আয়োজন করা হবে যেখানে 'ওপেন ইন্টারনেট চ্যালেঞ্জ প্রতিযোগিতা'সহ মোট ১৫ টি প্রতিযোগিতায় অংশগ্রহণের সুযোগ রয়েছে। ১১  থেকে ২৪ বছর বয়সসীমার মধ্যে যে কেউ "ওপেন ইন্টারনেট চ্যালেঞ্জ  প্রতিযোগিতায়" অংশগ্রহণ করতে পারবে। "ওপেন ইন্টারনেট চ্যালেঞ্জ প্রতিযোগিতা" অংশগ্রহণের নির্দেশিকা নীচে দেয়া হলঃ

**ওপেন ইন্টারনেট চ্যালেঞ্জ:**

'ওপেন ইন্টারনেট চ্যালেঞ্জ' হলো আন্তর্জাতিক পুষ্টি অলিম্পিয়াড (INO) ২০২৬-এর একটি প্রতিযোগিতা, যেখানে অংশগ্রহণকারীদের দক্ষতা, জ্ঞান এবং সৃজনশীলতা পরীক্ষা করা হয়। নির্দিষ্ট বিষয়বস্তু অনুযায়ী, অংশগ্রহণকারীদের একটি নির্দিষ্ট সময়সীমার মধ্যে বিভিন্ন প্রশ্নের উত্তর দিতে হয়।

**বয়স বিভাগ:**

| গ্রুপ - এ | গ্রুপ - বি |
|---|---|
| ১১-১৮ | ১৯-২৪ |

**বিষয়বস্তু: প্রাথমিক বাছাই পর্ব** (পরবর্তী রাউন্ডের বিষয় প্রাথমিক বাছাইয়ে উত্তীর্ণদের জানানো হবে)।

**গ্রুপ এ:** পুষ্টি উন্নয়নে বেসরকারি খাতের অবদান

**গ্রুপ বি:** স্থানীয় কৃষিপণ্য থেকে পুষ্টিকর খাদ্য: সহজলভ্যতার পথে স্থানীয় ব্যবসা

**যোগ্যতা:**

- অংশগ্রহণকারীদের অবশ্যই আইএনও ২০২৬ ওয়েবসাইট (www.nutritionolympiad.net) থেকে রেজিস্ট্রেশন ফর্ম পূরণ করতে হবে এবং রেজিস্ট্রেশনের সময় 'ওপেন ইন্টারনেট চ্যালেঞ্জ কম্পিটিশন' নির্বাচন করতে হবে।
- নির্দিষ্ট বয়সসীমার মধ্যে যে কেউ এই প্রতিযোগিতায় যোগদান করতে পারবে।
- এই কমিউনিটিতে শুধুমাত্র একক অংশগ্রহণকারীই অংশ নিতে পারবে।
- অংশগ্রহণকারী, অভিভাবক অথবা প্রতিষ্ঠানের ন্যূনতম তথ্যপ্রযুক্তি সুবিধা থাকতে হবে [ফোন, ই-মেইল, হোয়াটসঅ্যাপ এবং জুম অ্যাকাউন্ট (বাধ্যতামূলক)]।

**রেজিস্ট্রেশন:**

সকল অংশগ্রহণকারীকে INO 2026-এর নির্দিষ্ট ওয়েবসাইটে নিবন্ধন করতে হবে। INO 2026 ওয়েবসাইটে (www.nutritionolympiad.net) দেওয়া নিবন্ধন লিঙ্কে ক্লিক করুন এবং 'ওপেন ইন্টারনেট চ্যালেঞ্জ কম্পিটিশন' নির্বাচন করুন।

**রেজিস্ট্রেশনের শেষ তারিখ:** আগস্ট ৩১, ২০২৬ (ঢাকা সময় রাত ১১টা)

**জমা দেওয়ার শেষ তারিখ:** সেপ্টেম্বর ৩০, ২০২৬ (ঢাকা সময় রাত ১১টা)

**ওপেন ইন্টারনেট চ্যালেঞ্জ নির্দেশিকা:**

1. **অংশগ্রহণকারীর তথ্য:**
   নাম, বয়স, লিঙ্গ, শ্রেণী/ পদবি /পরিচয়, প্রতিষ্ঠান, ঠিকানা, যোগাযোগ নম্বর, ই-মেইল।
2. **ওপেন ইন্টারনেট চ্যালেঞ্জের জন্য প্রাথমিক বাছাই পর্ব:**
   প্রাথমিক বাছাই পর্বটি জুম (ZOOM)-এ অনুষ্ঠিত হবে। তারিখ এবং জুম লিঙ্ক ইমেল এবং হোয়াটসঅ্যাপের মাধ্যমে জানিয়ে দেওয়া হবে।
3. **ভাষা:** বাংলা অথবা ইংরেজি

**প্রাথমিক বাছাই:**

- প্রতিযোগিতার জন্য অংশগ্রহণকারীরা জুম-এ যোগ দেবেন এবং চ্যাট বক্সে গুগল ফর্মের মাধ্যমে প্রশ্ন সরবরাহ করা হবে।
- অংশগ্রহণকারীদের অবশ্যই নিজ নিজ কম্পিউটার/ল্যাপটপ/মোবাইল/ট্যাব ব্যবহার করতে হবে।
- অংশগ্রহণকারীরা কয়েকটি প্রশ্নের উত্তর দেওয়ার জন্য ১৫ মিনিট সময় পাবেন।
- প্রাথমিক বাছাই পর্ব চলাকালীন ক্যামেরা অবশ্যই চালু রাখতে হবে।

**চূড়ান্ত বাছাই:**

- প্রতিটি নির্দিষ্ট বয়স বিভাগ থেকে শীর্ষ ৫ জন অংশগ্রহণকারীকে ইন্টারন্যাশনাল নিউট্রিশন অলিম্পিয়াড ২০২৬-এর চূড়ান্ত পর্বে যোগদানের জন্য আমন্ত্রণ জানানো হবে এবং অংশগ্রহণকারীকে অবশ্যই তার মোবাইল/ট্যাব/ল্যাপটপ সঙ্গে আনতে হবে।
- আন্তর্জাতিক পুষ্টি অলিম্পিয়াড ২০২৬-এর সমাপনী অনুষ্ঠানে শীর্ষ ৩ জন অংশগ্রহণকারীকে বিজয়ী হিসেবে ঘোষণা করা হবে।

**স্কোরঃ**

| **ক্রমিক নং** | **মানদণ্ড** | **নম্বর** |
|---|---|---|
| ০১ | মূল বিষয়বস্তু উপস্থাপন করা হচ্ছে | ৪০ |
| ০২ | সময় ব্যবস্থাপনা | ২০ |
| ০৩ | প্রাসঙ্গিকতা | ৪০ |
| **মোট** | | ১০০ |

**বিশেষ দ্রষ্টব্য:**

- যেকোনো ধরনের অসদুপায় অবলম্বনের প্রচেষ্টা অযোগ্য বলে বিবেচিত হবে।
- বিচারকদের সিদ্ধান্তই চূড়ান্ত বলে গণ্য হবে।

**যোগাযোগ:**

ওপেন ইন্টারনেট চ্যালেঞ্জ সংক্রান্ত কোনো জিজ্ঞাসা থাকলে, অনুগ্রহ করে ফোন: +৮৮০১৭৮২৫১০০৮৯, +৮৮০২৮৭১৪১৬৯, +৮৮০১৭৮২৫১০০৮৯ অথবা ই-মেইল: ino@biid.org.bd-এ যোগাযোগ করুন।

**একজন অংশগ্রহণকারী বা একটি দল সর্বোচ্চ ৩ (তিন)টি প্রতিযোগিতার জন্য আবেদন করতে পারবে।**